দৈনিক সংবাদ

তারিখ ... 05 AUG 199[illegible] ...
পৃঃ ৭ কলাম ২

11

### ছাত্রদল-ছাত্রলীগ সংঘর্ষ, আহত ৪

# জগন্নাথ কলেজ থেকে ছাত্রদল বিতাড়িত

(নিজস্ব বার্তা পরিবেশক)

গতকাল মঙ্গলবার সরকারি জগন্নাথ কলেজে ছাত্রলীগ ও ছাত্রদলের মধ্যে সংঘর্ষে কমপক্ষে ৪০ জন আহত হয়েছে। ছাত্রলীগ কর্মীরা ক্যাম্পাস থেকে ছাত্রদল কর্মীদের তাড়িয়ে দিয়েছে।

পরিস্থিতি নিয়ন্ত্রণে আনতে পুলিশ লাঠিচার্জ করে ও টিয়ার গ্যাস ছুড়ে।

গতকাল সকালে কলেজ ক্যাম্পাসের একটি ক্যাফেটেরিয়ায় চা পান করতে গিয়ে ছাত্রলীগ ও ছাত্রদলের দু'জন কর্মীর কথা কাটাকাটির জের ধরে সংঘর্ষের সূত্রপাত হয়।

সকাল ১১টা থেকে ৩ ঘন্টাব্যাপী সংঘর্ষে দু'দলের কর্মীরা আগ্নেয়াস্ত্র উঁচিয়ে পরস্পরকে ধাওয়া করে। এ সময় তারা রড ও হকিস্টিক ব্যবহার করে। সংঘর্ষ জগন্নাথ কলেজ থেকে ভিক্টোরিয়া পার্ক, লক্ষ্মীবাজার ও শাঁখারি বাজার এলাকায় ছড়িয়ে পড়ে।

কলেজ সংলগ্ন আদালত চত্বরে আইনজীবী ও বিচারপতিগণ চরম বিপাকে পড়েন। পুরো এলাকায় যানবাহন চলাচল বন্ধ হয়ে যায়। কলেজের ছাত্রছাত্রী ও পথচারীরা প্রাণ ভয়ে বিভিন্ন দিকে ছুটে পালিয়ে যায়।

ঘটনার সূত্রপাত সম্পর্কে খোঁজ নিয়ে জানা যায়, গতকাল সকাল ১০টার দিকে ছাত্রদলের একজন কর্মী ছাত্রলীগ নিয়ন্ত্রিত

ছাত্রদল ঃ পৃঃ ১১ কঃ ৫

### ছাত্রদল ঃ বিতাড়িত

( ১ম পৃষ্ঠার পর )

অবকাশ ভবনের ক্যাফেটেরিয়ায় চা পান করতে যায়। তখন ছাত্রলীগের একজন কর্মীর সাথে তার কথা কাটাকাটি হয়। ছাত্রদল কর্মী সিনিয়র হওয়ায় জুনিয়র ছাত্রলীগ কর্মীকে বেয়াদবির অপরাধে থাপ্পড় মারে। এ খবর ক্যাম্পাসে ছড়িয়ে পড়লে ছাত্রলীগ ও ছাত্রদল কর্মীদের সংঘর্ষ শুরু হয়।

সংঘর্ষ ছাত্রদলের ক্যাডারদের হামলায় ছাত্রলীগের (শা-পা) কমপক্ষে ১৮ জন নেতা-কর্মী আহত হয়েছে। পুলিশ ঘটনাস্থলে এসে টিয়ার গ্যাস ছুড়ে পরিস্থিতি নিয়ন্ত্রণে আনে।